



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৯ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

**বাংলাদেশ আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মহিউদ্দিন আহমদ মহি'র
পিতা হাজী মো. আফতাব উদ্দিন এবং চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের
নির্বাহী কমিটি সদস্য বেলাল আহমদের পিতা আলহাজ্ব সুলতান আহমদের মৃত্যুতে
সিটি মেয়রের শোক**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশ আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক, ব্রাদার্স ইউনিয়ন ঢাকার ডাইরেক্টর ইনচার্জ, বাংলাদেশ সমবায় ব্যাংকের চেয়ারম্যান ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি মহিউদ্দিন আহমদ মহি'র পিতা হাজী মো. আফতাব উদ্দিন এবং চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের নির্বাহী কমিটি সদস্য বেলাল আহমদের পিতা আলহাজ্ব সুলতান আহমদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. এক শোক বার্তায় মরহমদের বিদেহী আত্মার মাগফেরাত এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

চট্টগ্রাম- ১৯ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

সিটি মেয়রের সুস্থতা কামনায়

পৌর জহুর হকার মার্কেট মসজিদ পরিচালনা কমিটির দোয়া মাহফিল

অসুস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের আশু সুস্থতা কামনায় পৌর জহুর হকার মার্কেট মসজিদ পরিচালনা কমিটির আয়োজনে ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সকালে মেয়রের বাসভবনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মুনাজাত পরিচালনা করেন পৌর জহুর হকার মার্কেট মসজিদের পেশ ইমাম। এ সময় মসজিদ কমিটির সিনিয়র সহ সভাপতি সৈয়দ আবুল কাসেম, সাধারণ সম্পাদক আবু জাফর, সহ সভাপতি আবুল কাসেম চেয়ারম্যান, বিশিষ্ট ব্যবসায়ী মো. ইলিয়াছ, মো. সেলিম ও মো. কালাম সহ অন্যান্য উপস্থিত ছিলেন। মুনাজাতে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের আশু সুস্থতা, দীর্ঘায়ু, দেশ ও জাতির শান্তি কামনা করা হয়।

চট্টগ্রাম- ১৯ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

সিটি মেয়রের সাথে নবাব সিরাজউদ্দৌলা'র নবম বংশধর নবাব আলী আব্বাসউদ্দৌলা'র সৌজন্য সাক্ষাৎ

বাংলা,বিহার ও উড়িষ্যার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার ২৯০তম স্বাধীনতা বার্ষিকী উপলক্ষে নবাব পরিবারের নবম বংশধর চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে নবাব আলী আব্বাসউদ্দৌলা ১৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. দুপুরে মেয়রের বাসভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সৌজন্য সাক্ষাতে নবাব পরিবারের এ সন্তান চট্টগ্রামে নবাব সিরাজউদ্দৌলা নামের সড়কটি বিউটিফিকেশনের আওতায় এনে দৃষ্টি নন্দন করায় মেয়রকে সাধুবাদ জানান। সৌজন্য সাক্ষাতে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নবাব আলীবর্দি খানের কাছ থেকে মাত্র ২৩ বছর বয়সে ১৭৫৬ সালে নবাব সিরাজউদ্দৌলা বাংলা, বিহার, উড়িষ্যার নবাবের আসনে আসীন হন। তাঁর প্রধান সেনাপতি মির জাফরের বিশ্বাস ঘাতকতায় ২৩ জুন ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে লর্ড রবার্ট ক্লাইভের নেতৃত্বাধীন ইস্ট ইন্ডিয়া কোম্পানীর বাহিনীর কাছে পরাজিত হন। সেইদিন থেকে বাংলা পরাধীনতার শৃংখলে শৃংখলিত হয়। নবাব সিরাজউদ্দৌলার হারানো বাংলাকে স্বাধীন করেন বাংলার মুকুটহীন সর্গরাট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। নবাব এর বংশধরকে দেখে মেয়র আনন্দিত হন। এসময় আইইবির সাবেক চেয়ারম্যান ইঞ্জি.দেলোয়ার হোসেন মজুমদার, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, ২১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোরশেদুল আলম, শ্রমিকনেতা সফি বাঙালি, সুফি গবেষক আল্লামা এস এম সিরাজউদ্দৌলা, ইতিহাস গবেষক

সোহেল মোহাম্মদ ফখরউদ্দিন, কবি আসিফ ইকবাল, মোস্তফা কামাল, রাশেদ মাহমুদ পিয়াস ও আনন্দ মজুমদার সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৯ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কায়সার-নিলুফার কলেজ পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

১৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে মেয়রের বাসভবনে সিটি মেয়র ও কায়সার-নিলুফার কলেজ পরিচালনা কমিটির সভাপতি আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত পরিচালনা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন এবং আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, শিক্ষকরা হচ্ছেন জাতির বিবেক। মানুষ গড়ার দক্ষ কারিগর। একমাত্র শিক্ষার মাধ্যমে গড়ে উঠতে পারে দায়িত্বশীল সুনাগরিক, উন্নত দেশ ও মর্যাদাশীল জাতি। মেয়র সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার হার ও মান বৃদ্ধির জন্য পরিচালনা কমিটি ও শিক্ষকদের আন্তরিক হওয়ার পরামর্শ দেন। সভায় প্যানেল মেয়র-১ চৌধুরী হাসান মাহমুদ হাসনী, সদস্য পেয়ার মোহাম্মদ, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, শিক্ষা কর্মকর্তা সাইফুর রহমান, পরিচালনা কমিটির সদস্য ও সদস্য সচিব সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা